- প্রত্যাশিত বিবাহ ভিসা
    - ভিসা সম্প্রসারণ
    - পূর্বের প্রত্যাশিত বিবাহ ভিসাধারী
- অস্থায়ী কর্মী
- ওয়ার্কিং হলিডে মেকার্স (Working Holiday Makers)
- দর্শনার্থী
- VAC ফেরত, মওকুফ এবং ভিসা সম্প্রসারণ ব্যবস্থার সংক্ষিপ্তসার

অস্ট্রেলিয়াতে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার দ্বারা প্রভাবিত কিছু ভিসাধারী শীঘ্রই তাদের ভিসা আবেদন চার্জ (VAC) ফেরত বা তাতে ছাড় পাবেন।

প্রত্যাশিত বিবাহ ভিসা

6 অক্টোবর 2020 তারিখে ফেডারেল বাজেট 2020-21 এর অংশ হিসাবে এই পরিবর্তনগুলো ঘোষণা করা হয় এবং যে সকল সাবক্লাস 300 প্রত্যাশিত বিবাহ ভিসাধারী ও পূর্বের প্রত্যাশিত বিবাহ ভিসাধারী COVID-19 এর কারণে অস্ট্রেলিয়াতে প্রবেশ করতে পারেননি তাদের সহায়তায় এগুলো তৈরি করা হয়েছে।

ভিসা সম্প্রসারণ

অস্ট্রেলিয়ার বাইরে অবস্থানকারী নির্দিষ্ট কিছু প্রত্যাশিত বিবাহ ভিসাধারী এবং 6 অক্টোবর 2020 ও 10 ডিসেম্বর 2020 এর মধ্যে যেকোনো সময়ে প্রত্যাশিত বিবাহ ভিসাধারীদের জন্য ভিসার মেয়াদ 31 মার্চ 2022 পর্যন্ত সম্প্রসারণ করে 10 ডিসেম্বর 2020 তারিখে আইন প্রণয়ন করা হয়।

স্বতন্ত্র ভিসাধারীদেরকে ডিপার্টমেন্ট সরাসরি অবহিত করবে।

আপনি যেকোনো সময় ডিপার্টমেন্টের ওয়েবসাইটে আপনার ভিসার বর্তমান বিবরণ ও অবস্থা যাচাই করতে পারেন:

https://immi.homeaffairs.gov.au/visas/already-have-a-visa/check-visa-details-and-conditions/check-conditions-online

যদি আপনার ভিসার মেয়াদ সম্প্রসারণ হয়ে থাকে কিন্তু আপনি এই সম্প্রসারিত ভিসার মাধ্যমে অস্ট্রেলিয়ায় ভ্রমণ না করে থাকেন, তাহলে আপনি প্রদত্ত ভিসা অ্যাপ্লিকেশন চার্জ (VAC) ফেরতের আবেদনের জন্য যোগ্য হতে পারেন।

বর্তমানে আমরা VAC রিফান্ড কিভাবে পরিচালিত হবে সেই সংক্রান্ত ব্যবস্থাপনা চূড়ান্ত করার ব্যাপারে কাজ করছি যার ফলে ফেব্রুয়ারি 2021 এর শেষের দিকে রিফান্ডের অর্থ উপলভ্য হবে বলে আশা করা যাচ্ছে।

পূর্বের প্রত্যাশিত বিবাহ ভিসাধারী

যদি আপনার প্রত্যাশিত বিবাহ ভিসার মেয়াদ শেষ হয়ে গিয়ে থাকে, এবং মেয়াদ শেষ হওয়ার আগে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে না পারেন, এবং 10 ডিসেম্বর 2020 তারিখে প্রণীত আইন অনুযায়ী ভিসা সম্প্রসারণ না হয়ে থাকে, তাহলে আপনি VAC রিফান্ডের জন্য যোগ্য হতে পারেন। ফেব্রুয়ারি 2021-এর শেষ দিক থেকে রিফান্ডগুলো পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

বর্তমানে আমরা VAC ফেরত কিভাবে পরিচালিত হবে সেই সংক্রান্ত ব্যবস্থাপনা চূড়ান্ত করার ব্যাপারে কাজ করছি।

পরবর্তীতে আপনার করা যেকোনো প্রত্যাশিত বিবাহ বা সঙ্গী ভিসা আবেদনের প্রক্রিয়াকরণকে অগ্রাধিকার দেওয়া হবে। আবেদনগুলো প্রক্রিয়াকরণের সময় নির্ভর করবে আবেদনপত্রটি সম্পূর্ণ কিনা এবং সেটি ভিসার সকল শর্ত পূরণ করে কিনা তার উপর।

অস্থায়ী কর্মী

আপনি প্যাসিফিক লেবার স্কিম বা সিজনাল ওয়ার্কার প্রোগ্রামের অংশ হয়ে থাকলে আপনার VAC রিফান্ডের জন্য যোগ্য হতে পারেন যদি আপনি:

- 20 মার্চ 2020 এর আগে ভিসার অনুমোদন পেয়ে থাকেন এবং
- COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়া ভ্রমণে সক্ষম না হয়ে থাকেন।

আপনি কোনো অস্থায়ী দক্ষতা ঘাটতি বা অস্থায়ী কাজের (দক্ষ) ভিসার অনুমোদন পেয়ে থাকলে, আপনি ভবিষ্যত ভিসা আবেদনের ক্ষেত্রে VAC-এ ছাড় পেতে পারেন, যদি আপনি:

- আপনার ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে না পারেন,
- অস্ট্রেলিয়ায় ভ্রমণ ও ত্যাগ করার পর COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে ভিসার মেয়াদ শেষ হওয়ার পূর্বে আবার অস্ট্রেলিয়ায় ফিরে আসতে না পারেন।

ওয়ার্কিং হলিডে মেকার্স

যদি আপনাকে একটি ওয়ার্কিং হলিডে ভিসা দেওয়া হয় তবে আপনি ভবিষ্যতে আবেদনের জন্য VAC-এ ছাড় পেতে পারেন অথবা রিফান্ড পেতে পারেন। যদি আপনি ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়ায় ভ্রমণ করতে সক্ষম না হয়ে থাকেন বা COVID-19-এর কারণে আপনাকে দ্রুত অস্ট্রেলিয়া ত্যাগ করতে হয়ে থাকে, তবে আপনার জন্য আরও একটি আবেদনের ক্ষেত্রে VAC মওকুফ প্রযোজ্য হবে।

যদি বয়সের সীমা পেরিয়ে যাওয়ার কারণে আপনি WHM ভিসার জন্য আর আবেদন করার যোগ্য না হন তবে আপনি VAC মওকুফের পরিবর্তে তা রিফান্ড পাবেন।

দর্শনার্থী

অস্ট্রেলিয়ার বাইরের দর্শনার্থী ভিসা আবেদনকারীগণ, যাদের পূর্বের দর্শনার্থী ভিসার মেয়াদ 2020 সালের 20 মার্চ থেকে 2021 সালের 31 ডিসেম্বরের মধ্যে শেষ হয়েছে বা শেষ হবে, তারা বিনা VAC-এ দর্শনার্থী (সাবক্লাস 600) ভিসার জন্য আবেদন করতে সক্ষম হবেন। এই পরিবর্তনটি 2021 সালের শুরুর দিকে কার্যকর হবে। ভিসাধারী ভ্রমণকারীরাও অস্ট্রেলিয়ায় ভ্রমণের পূর্বে ভ্রমণ নিষেধাজ্ঞার ক্ষেত্রে অব্যাহতি পাবেন এবং এর জন্য তাদেরকে তাদের ভিসা আবেদনে পৃথকভাবে আবেদন করতে হবে। ভ্রমণ অব্যাহতির জন্য আবেদন করুন।

VAC ফেরত, মওকুফ এবং ভিসা সম্প্রসারণ ব্যবস্থার সংক্ষিপ্তসার

ভিসার শ্রেণীবিভাগ এবং সাবক্লাস	ব্যবস্থার বিস্তারিত
প্যাসিফিক লেবার স্কিম (PLS) এবং সিজনাল ওয়ার্কার প্রোগ্রাম (SWP) (সাবক্লাস 403)	2020 সালের 20 মার্চ সীমান্ত বন্ধ হওয়ার আগে যাতায়াত করতে পারেননি এমন ক্ষতিগ্রস্ত ভিসাধারীদের VAC **ফেরত**। ভিসার মেয়াদ শেষ হওয়ার পরে VAC ফেরত পাওয়ার যোগ্য।
অস্থায়ী দক্ষতা স্বল্পতা বা অস্থায়ী কাজের (দক্ষ) ভিসা (সাবক্লাস 482 এবং 457)	TSS বা সাবক্লাস 457 ভিসাধারী এবং অস্ট্রেলিয়া ভ্রমণ করতে পারেননি অথবা ভ্রমণ করেছেন ও প্রস্থান করেছেন কিন্তু COVID 19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে তাদের ভিসা স্থগিত হওয়ার পূর্বে ফিরে আসতে পারেননি এমন লোকদের জন্য পরবর্তী আবেদন সংশ্লিষ্ট VAC-এর জন্য **ছাড়**। ভ্রমণ নিষেধাজ্ঞা থাকাকালীন যারা TSS বা সাবক্লাস 457 ভিসাধারীছিলেন এবং যাদের অস্ট্রেলিয়ায় পুনরায় প্রবেশের জন্য নতুন একটি ভিসার প্রয়োজন তাদের জন্য প্রযোজ্য হবে।
ওয়ার্কিং হলিডে মেকার	WHM ভিসাধারী যারা ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়া ভ্রমণ

(WHM) (সাবক্লাস 462 এবং 417)	করতে অসক্ষম ছিলেন বা COVID-19-এর কারণে প্রস্থান করেছিলেন, তাদের VAC-তে **ছাড়**। WHM ভিসাধারী যারা ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়া ভ্রমণ করতে অসক্ষম ছিলেন বা COVID-19-এর কারণে দ্রুত প্রস্থান করেছিলেন; এবং বর্তমানে বয়সের সীমা পেরিয়ে যাওয়ার কারণে মওকুফ সহ নতুন করে WHM-এর জন্য আবেদন করতে অসক্ষম তাদের জন্য VAC **ফেরত**। পূর্ববর্তী WHM ভিসাধারীর প্রস্থানের আগে অস্ট্রেলিয়ায় অবস্থান করার কোনও সর্বোচ্চ সময় নেই। 2022 সাল শেষ হওয়ার পূর্বে নতুন ভিসা বা ফেরতের জন্য আবেদন করতে হবে।
দর্শনার্থী (সাবক্লাস 600)	যে সকল দর্শনার্থী ভিসা আবেদনকারীর পূর্ববর্তী দর্শনার্থী (সাবক্লাস 600) ভিসার মেয়াদ 2020 সালের মার্চ থেকে 2021 সালের ডিসেম্বরের মধ্যে তাদের অস্ট্রেলিয়ার বাইরে থাকাকালীন সময়ে শেষ হয়ে গেছে বা শেষ হয়ে যাবে তারা বিনা VAC-তে দর্শনার্থী ভিসার জন্য আবেদনের যোগ্য হবেন। এই পরিবর্তনটি 2021 সালের শুরুর দিকে কার্যকর হবে। যোগ্য দর্শনার্থী ভিসা আবেদনকারীরা পর্যটক, ব্যবসায়িক দর্শনার্থী, স্পনসরড পরিবার বা অনুমোদিত গন্তব্য স্থিতির ধারায় বিনা VAC-এ 2022 সালের 31 ডিসেম্বর পর্যন্ত দর্শনার্থী (সাবক্লাস 600) ভিসার জন্য আবেদন করতে পারবেন। এই বিধানে বর্তমান ও পূর্বের দর্শনার্থী ভিসাধারীরা অন্তর্ভুক্ত রয়েছেন যারা প্রাথমিক প্রবেশে অস্ট্রেলিয়া ভ্রমণ করতে অসক্ষম ছিলেন এবং সেই সাথে যারা ভ্রমণ ও প্রস্থান করেছিলেন কিন্তু COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার প্রভাবের কারণে একাধিক প্রবেশ ভিসায় ফিরে আসতে পারেননি।
প্রত্যাশিত বিবাহ (সাবক্লাস 300)	COVID-19 সম্পর্কিত ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে ক্ষতিগ্রস্থ ভিসাধারীরা যারা তাদের ভিসা স্থগিত হওয়ার পূর্বেই অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে অসক্ষম হয়েছেন বা অসক্ষম হবেন তাদের VAC **ফেরত** বা ভিসার মেয়াদ **বৃদ্ধি**। VAC রিফান্ড 2021সালের ফেব্রুয়ারির শেষের দিকে উপলভ্য হবে বলে আশা করা হচ্ছে।